healthdirect

www.healthdirect.gov.au

1800 022 222

জিপির ভূমিকা

English version: www.healthdirect.gov.au/the-role-of-a-gp

আপনার কোনো স্বাস্থ্য সমস্যা দেখা দিলে আপনার জিপি-ই (জেনারেল প্র্যাকটিশনার, কিংবা পারিবারিক চিকিৎসক) হলেন প্রথম ব্যক্তি যার কাছে আপনি যাবেন। তারা আপনার স্বাস্থ্যসেবার বিষয়টি দেখাশুনা করবেন এবং সারাজীবন আপনার দেখাশুনা করতে পারবেন।

জেনারেল প্র্যাকটিশনার (জিপি) কী?

জিপি-রা হলেন সাধারণ চিকিৎসাবিদ্যায় প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার। সারাজীবন ধরে আপনার যেসকল স্বাস্থ্য সমস্যা হতে পারে সেগুলোর চিকিৎসায় তাদের রয়েছে ব্যাপক জ্ঞান এবং দক্ষতা। যেহেতু আপনার জিপি-র পক্ষে আপনাকে, আপনার পরিবার এবং কমিউনিটিকে জানার সুযোগ হয়, সেহেতু তারা আপনাদের জন্য উপযুক্ত সেবাটি প্রদান করতে পারেন।

আপনার যদি কোনো স্বাস্থ্য সমস্যা থাকে, তাহলে আপনি সাধারণভাবে প্রথম যে ব্যক্তির কাছে যাবেন তিনি হলেন আপনার জিপি। তারাই নির্ধারণ করবেন আপনাকে অন্য কোনো স্বাস্থ্য পেশাজীবীর কাছে যেতে হবে কিনা। যদি প্রয়োজন হয় তাহলে আপনাকে চিকিৎসার নির্দিষ্ট কোনো ক্ষেত্রের একজন বিশেষজ্ঞের কাছে যাওয়ার পরামর্শ দেবেন কিংবা অন্য কোনো স্বাস্থ্য পেশাজীবীর কাছে পাঠাবেন। প্রাথমিকভাবে জিপির রেফারেল ছাড়া যদি আপনি কোনো বিশেষজ্ঞের কাছে যান তাহলে আপনি মেডিকেয়ার ([Medicare]()) রিবেট পাবেন না। আপনার যদি বেশ কয়েকজন ভিন্ন ভিন্ন স্বাস্থ্য পেশাজীবীর সাথে দেখা করার দরকার হয়, তাহলে আপনার জিপি আপনার চিকিৎসার সমন্বয় করবেন।

জিপি-রা একটি প্রাথমিক মেডিক্যাল ডিগ্রি এবং ইন্টার্নশিপ সম্পন্ন করেন, এবং এরপর সাধারণ চিকিৎসা বিষয়ে বাড়তি প্রশিক্ষণ গ্রহণ করেন। এর ফলে রা শিশু থেকে বৃদ্ধ সবাইকে সমসময় চিকিৎসা সেবা প্রদান করতে পারেন।

প্রাইভেট প্র্যাকটিস, ফ্যামিলি প্র্যাকটিস কিংবা মেডিক্যাল সেন্টার, কিছু কিছু হাসপাতাল, আবাসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা অথবা ইন্টারনেট কিংবা টেলিফোনের মাধ্যমে জিপি-রা আপনাকে চিকিৎসা দিতে পারেন।

আপনার জিপি আপনার জন্য কী করতে পারেন

আপনার জিপি আপনার ব্যক্তিগত চাহিদার সাথে মিল রেখে সবচেয়ে উপযুক্ত স্বাস্থ্যসেবাটি দিতে পারবেন। তারা কেবল রোগ নয়, রোগীকেও সেরে তোলেন।

নিম্নোক্ত বিষয়ে জিপির সাথে দেখা করুন:

- ছোটখাটো আঘাত এবং অসুস্থতা (আপনার যদি গুরুতর আঘাত কিংবা অসুস্থতা থাকে, [তাহলে ট্রিপল জিরোতে কল করে অ্যাম্বুলেন্স ডেকে নিন]() অথবা কাছাকাছি হাসপাতালের জরুরী বিভাগে চলে যান)

- স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ
- ঔষধের জন্য ব্যবস্থাপত্র
- আপনার যদি দীর্ঘস্থায়ী কোনো সমস্যা থাকে তবে চলমান চিকিৎসার জন্য
- স্বাস্থ্য পরীক্ষা, যেমন সারভিক্যাল স্ক্রিনিং, কিংবা রক্তচাপ পরীক্ষা
- টিকা
- গর্ভাবস্থায় সেবা
- শিশুদের চিকিৎসা
- আপনি যদি উদ্বিগ্ন কিংবা হতাশ বোধ করেন তবে তার জন্য চিকিৎসা
- আঘাতের জন্য মেডিক্যাল সার্টিফিকেট, সত্যায়িত কাগজপত্র কিংবা রিপোর্ট

কীভাবে একজন জিপি-র সন্ধান করবেন

আপনার স্বাস্থ্যের জন্য সবচেয়ে ভালো দিকটি হল একজন নির্ভরযোগ্য জিপি-র সাথে দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলা। আপনি যার সাথে স্বাচ্ছন্দ বোধ করেন এবং সততার সাথে খোলাখুলি কথা বলতে পারেন এমন একজন জিপিকে খুঁজে নেওয়া গুরুত্বপূর্ণ।

প্রতিবেশী, বন্ধুবান্ধব, এবং পরিবার কিংবা আপনার এলাকার অন্যান্য স্বাস্থ্য পেশাজীবীদের কাছ থেকে জেনে নিন কোন জিপি ভালো হবে। আপনি যদি এমন কোনো জিপির খোঁজ করেন যিনি নির্দিষ্ট কোনো ভাষায় কথা বলেন কিংবা যিনি আপনার সংস্কৃতি সম্পর্কে জানেন, তাহলে আপনার কমিউনিটির লোকজনকে জিজ্ঞাসা করুন তারা কাকে সুপারিশ করবেন।

একজন জিপি-র কাছে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে একবার দেখে আসতে পারেন যে তাকে আপনার ভালো লাগছে কিনা। অসুস্থ কিংবা আহত হওয়ার আগেই একজন জিপির সাথে সম্পর্ক গড়ে তুললে ভালো হয়। আপনি না চাইলে ঐ জিপি-র সাথে দেখা করতে হবে না। সঠিক জিপিকে খুঁজে পাওয়া পর্যন্ত আপনি বেশ কয়েকজন জিপি-র কাছে যেতে পারেন।

হেলথডিরেক্ট এর সার্ভিস ফাইন্ডার ব্যবহার করে আপনি আপনার এলাকার জিপিদের একটি তালিকা বের করতে পারেন।

জিপি বেছে নেয়ার ক্ষেত্রে যে বিষয়গুলো খেয়াল রাখতে হবে

জিপি বেছে নেয়ার সময় এই বিষয়গুলো খেয়াল রাখতে হবে:

- আপনার কমিউনিটির অন্যান্যরা কি তাদেরকে সুপারিশ করছে?
- আপনি কি সততার সাথে তাদের সাথে কথা বলতে পারবেন?
- তারা কি আপনার কথা শোনেন?
- আপনি পুরুষ নাকি মহিলা ডাক্তার চান? বয়স্ক কেউ নাকি অল্প বয়সী? আপনি যার সাথে স্বাচ্ছন্দ বোধ করেন এমন একজন জিপি খুঁজে বের করা গুরুত্বপূর্ণ।
- ডাক্তারখানা খোলা থাকার সময়টি কি আপনার জন্য উপযুক্ত?
- ডাক্তারখানায় যাওয়া কি সহজ?
- ডাক্তারখানায় কি বাল্ক বিলের ব্যবস্থা রয়েছে নাকি আপনাকে ফি দিতে হবে? যদি তাই হয়, তাহলে কত টাকা?
- তারা কি শিশুদের চিকিৎসা করে?

- তারা কি বাড়ীতে গিয়ে কিংবা সন্ধ্যার পর রোগী দেখে?
- সাক্ষাৎ পাওয়া কতটা সহজ?
- জিপি কি আপনার ভাষায় কথা বলেন?
- ডাক্তারখানাটি কি অনুমোদিত – এটি কি মানদণ্ড পূরণ করে?

জিপি-র সাথে পরামর্শের খরচ

অস্ট্রেলিয়ায় আপনার যদি কোনো মেডিকেয়ার (Medicare) নাম্বার থাকে তাহলে মেডিকেয়ার (Medicare) ডাক্তারের ভিজিট এর সম্পূর্ণ টাকা কিংবা আংশিক পরিশোধ করে। সাধারণত কোনো জিপি-র কাছে একটি মানসম্মত ভিজিট এর জন্য মেডিকেয়ার (Medicare) রিবেট হল ৩৭.৬০ ডলার। তবে কোনো কোনো জিপি এর চেয়ে বেশী ফি চান। এক্ষেত্রে আপনাকেই বাড়তি ফি পরিশোধ করতে হবে, যাকে বলা হয় 'গ্যাপ ফি'। উদাহরণস্বরূপ, আপনার জিপি যদি ৫০ ডলার ভিজিট চান, আপনাকে বাকি ১২.৪০ ডলার দিতে হবে।

জিপি যদি বাল্ক বিল করে থাকেন, তাহলে আপনাকে কিছুই দিতে হবে না। জিপি কেবল মেডিকেয়ার (Medicare) প্রদত্ত ফি-ই নেবেন।

অফিস সময়ের পর জিপির সাথে সাক্ষাৎ

কোনো কোনো ডাক্তারখানায় কর্মঘন্টার পরও রোগী দেখা হয়। ডাক্তারখানা বন্ধ থাকা অবস্থায় যদি আপনি অসুস্থ কিংবা আহত হন তাহলে কীভাবে চিকিৎসা পাওয়া যাবে তা আপনার জিপি-র কাছ থেকে জেনে নিন।

আপনার যদি এই মুহূর্তে জিপি কিংবা ফার্মেসির দরকার হয়, তাহলে ১৮০০ ০২২ ২২২ নম্বরে হেলথডিরেক্ট এর আফটার আওয়ার জিপি হেল্পলাইনকে ফোন করুন। একজন রেজিস্টার্ড নার্স আপনার অবস্থা পরীক্ষা করবেন এবং হয়তো জিপিকে বলবেন আপনাকে কল দিতে। আপনার স্বাস্থ্য সমস্যার গুরুত্ব অনুসারে জিপি আপনাকে ১৫ মিনিট কিংবা ১ ঘণ্টার মধ্যে ফোন করবেন।